গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

নং-৪৬.০৬৩.০৩১.০৮.০০.০১০.২০১১-৩৪৮

তারিখঃ ১৮ ফাল্গুন ১৪২১ বঙ্গাব্দ
০২ মার্চ ২০১৫ খ্রিস্টাব্দ

বিষয়ঃ পৌরসভা আদর্শ কর তফসিল-২০১৪ - এর আলোকে এনজিওদের নিকট থেকে ট্রেড লাইসেন্স ফি/পৌর কর আদায় বিষয়ে নির্দেশনা প্রদান।

সূত্রঃ ১। এনজিও বিষয়ক ব্যুরোর স্মারক নং-০৩.০৯.০০০০.৬৬১.৬৪.০২২.১২-৬৬৩, তারিখঃ ২৯.১২.২০১৪খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পৌরসভা আদর্শ কর তফসিল-২০১৪ এ এনজিওসমূহকে পৌরকরের আওতায় আনার প্রেক্ষিতে, উদ্ভুত সমস্যা নিরসনকল্পে এনজিও বিষয়ক ব্যুরো, অর্থবিভাগ, এডাব এবং ম্যাব-এর প্রতিনিধিদের সমন্বয়ে গত ১৬.০২.২০১৫ খ্রিঃ তারিখ একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়-

'পৌরসভা আদর্শ কর তফসিল ২০১৪'-এর ৬ নং ক্রমিকের উপক্রমিকে 'এনজিও প্রতিষ্ঠানসমূহের উপর কর ধার্যের' বিষয়ে স্পষ্টীকরণের লক্ষ্যে অলাভজনক/ব্যবসায়িক উদ্দেশ্যে পরিচালিত নয় ক্ষুদ্র ঋণ কার্যক্রমে সংশ্লিষ্ট এনজিওদের নিকট হতে ট্রেড লাইসেন্স ফি আদায় থেকে বিরত থাকার সিদ্ধান্ত গৃহিত হয়।

এমতাবস্থায়, গত ১৬.০২.২০১৫ তারিখে অনুষ্ঠিত সভার উপরোল্লিখিত সিদ্ধান্ত অনুযায়ি প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্তঃ বর্ণনামতে।

২/৩/২০১৫
(মোঃ খলিলুর রহমান)
উপ সচিব
ফোনঃ ৯৫১৪১৪২

মেয়র/প্রশাসক (সকল)
------------------------------------ পৌরসভা
-------------------------------------- জেলা।

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

১। মহা-পরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, ১৩ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, মৎস্য ভবন, ঢাকা (দৃঃ আঃ- জনাব মোঃ শেখাবুর রহমান, উপ-পরিচালক)।
২। জনাব একেএম জসীম উদ্দিন, পরিচালক, এডাব, বাড়ী নং-১৩ক(৩য় তলা), রোড নং-২, শ্যামলী, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন
ঢাকা

তারিখ ............০৯.১০.১৪২১ বঃ
২২.০১.২০১৫ খ্রীঃ

পত্র সংখ্যা ............০৩.০৬৯.০০৬.০২.০০.০০৩.২০১৩- ৫১

**বিষয় ঃ এডাব কর্তৃক আয়োজিত 'জাতীয় শুদ্ধাচার কৌশল ও এনজিওদের করনীয়' শীর্ষক সেমিনারের সুপারিশ এনজিওসমূহকে ট্রেড লাইসেন্সের আওতামুক্ত রাখা প্রসঙ্গে।**

গত ২০/১২/২০১৪ তারিখে এডাব কর্তৃক আয়োজিত 'জাতীয় শুদ্ধাচার কৌশল ও এনজিওদের করনীয়' শীর্ষক সেমিনারের ৮টি সুপারিশ উত্থাপিত হয়। এর মধ্যে একটি সুপারিশ হচ্ছে নিম্নরূপঃ

গত ২৩ অক্টোবর ২০১৪ তারিখে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারীকৃত এক প্রজ্ঞাপন এস, আর ও নং ২৪৬-আইন/২০১৪ (পৌরসভা মডেল ট্যাক্স সিডিউল) অনুযায়ী এনজিওদের ট্রেড লাইসেন্স গ্রহন বাধ্যতামুলক করা হয়েছে। ইতঃপূর্বে এনজিওদের আবেদনের প্রেক্ষিতে বিগত ১ এপ্রিল ১০১৪ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস,আর, ও নং ৮৬/আইন ২০০৪ এর মাধ্যমে কেবলমাত্র ব্যবসায়িক উদ্দেশ্যে পরিচালিত এনজিওদের নিকট থেকে ট্রেড লাইসেন্স বাবদ ফি আদায় করা যাবে মর্মে সংশোধনী জারী করা হয়। তাই অলাভজনক ও আর্থ-সামাজিক উন্নয়নে বা দারিদ্র বিমোচনে সম্পৃক্ত সংস্থা বা এনজিওসমূহকে ট্রেড লাইসেন্সের আওতামুক্ত রাখার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা।

২। উক্ত সুপারিশের বিষয়ে পরীক্ষাপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ বর্ণনামতে।

(ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ুন কবীর)
পরিচালক (প্রশাসন)
ফোন : ৯১১৪২৭০

সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি ঃ
১। সিনিয়র সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। জনাব এ কে এম জসীম উদ্দিন, পরিচালক, এডাব, বাড়ী # ১৩/ক (৩য় তলা), রোড # ২, শ্যামলী, ঢাকা।

H:\2009\LGD\lged_letter14.docx